প্রথম আলো

তারিখ ·11·4 DEC·2017 ··· পৃষ্ঠা ··১৮··· কলাম··১··



ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে এক কৃতী ছাত্রীকে পদক দিচ্ছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। পাশে বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান স্যার ফজলে হাসান আবেদ ও সমাবর্তন বক্তা দৃক ফটো গ্যালারির প্রতিষ্ঠাতা শহিদুল আলম ● ছবি : সংগৃহীত

### ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে শিক্ষামন্ত্রী

# সরকার শিক্ষার্থীদের মধ্যে কোনো পার্থক্য করে না

নিজস্ব প্রতিবেদক ●

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, তাঁরা সরকারি বা বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকারী ছাত্রছাত্রীদের মধ্যে কোনো পার্থক্য করেন না। সবার জন্যই সরকার মানসম্মত শিক্ষা এবং সুযোগ নিশ্চিত করতে চায়।

গতকাল বুধবার ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ১২তম সমাবর্তন অনুষ্ঠানে আচার্য তথা রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তৃতায় শিক্ষামন্ত্রী এ কথা বলেন। সাভারে অবস্থিত ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের আবাসিক ক্যাম্পাসে অনুষ্ঠিত হয় এই সমাবর্তন। এতে স্নাতক ও স্নাতকোত্তর স্তরের প্রায় ১ হাজার ৬০০ শিক্ষার্থীকে সনদ দেওয়া হয়। তাঁদের মধ্যে ২ কৃতী শিক্ষার্থীকে আচার্যের স্বর্ণপদক এবং ৩০ জনকে উপাচার্যের স্বর্ণপদক দেওয়া হয়। সমাবর্তন উপলক্ষে পুরো ক্যাম্পাসকে বর্ণিল সাজে সাজানো হয়।

শিক্ষামন্ত্রী আরও বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয় বিরাট সম্ভাবনাময় একটি খাত। এসব বিশ্ববিদ্যালয় দেশের উচ্চশিক্ষায় নতুন মাত্রা যোগ করেছে। তিনি বলেন, শিক্ষার গুণগত মান বৃদ্ধি করা বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য, যা অর্জনে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ভূমিকা প্রশংসনীয়। দেশে মানসম্মত শিক্ষার জন্য যেসব প্রতিষ্ঠান অগ্রণী ভূমিকা পালন করছে, তাদের মধ্যে অন্যতম হচ্ছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়।

এবার সমাবর্তন বক্তা ছিলেন দৃক ফটো গ্যালারির প্রতিষ্ঠাতা শহিদুল আলম। তিনি সমাজের অন্যায় ও বৈষম্যের বিরুদ্ধে সর্বদা সোচ্চার ও সজাগ থাকতে সনদ পাওয়া শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

সমাবর্তনে আরও বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান স্যার ফজলে হাসান আবেদ, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সৈয়দ সাদ আন্দালিব প্রমুখ।